31



**5 SEM TDC BNL M 2**

**2 0 1 5**

( November )

BENGALI

( Major )

Course : 502

**( Drama )**

*Full Marks* : 80

*Pass Marks* : 32

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

## ক—বিভাগ

১। দীনবন্ধু মিত্রের 'সধবার একাদশী' প্রহসনে উনিশ শতকের যুবসমাজের মধ্যে ভণ্ডামি, কপটতা, মদ্যাসক্তি ও পতিতা-আসক্তির ফলে যে সামাজিক উচ্ছৃঙ্খলতা সৃষ্টি হয়েছে তা আলোচনা কর। ১৩

অথবা

" 'সধবার একাদশী' নাটকে অটলবিহারী, নিমচাঁদ এবং গণিকা কাঞ্চন এই তিনটি কেন্দ্রীয় চরিত্র। এদের উজ্জ্বল উপস্থিতিই 'সধবার একাদশী' জীবন্ত হয়ে উঠেছে। এদের বাদ দিলে প্রহসনটি নিস্তেজ এবং মৃত।" এই নাটকের কাহিনী রচনায় এবং সংঘাত সৃষ্টিতে তিনজনের ভূমিকা তিন রকম—তা আলোচনা কর। ১৩

২। সংক্ষেপে পরিচয় দাও (যে-কোন দুটি) : ৪×২=

(ক) রামমাণিক্য

(খ) গিন্নি

(গ) কুমুদিনী

৩। এক কথায় উত্তর দাও : ১×৪=

(ক) 'সধবার একাদশী' প্রহসনটি কয়টি অঙ্কে বিভক্ত?

(খ) 'সধবার একাদশী' প্রহসনটি কত সালে লেখা হয়েছিল?

(গ) "মা, তোমার হাতে ছেলে স'পে দিলেম, দেখ বাছা, যেন গোপালহারা হইনে।" কার হাতে ছেলে স'পে দিয়েছিল?

(ঘ) জীবনচন্দ্র কে?

## খ—বিভাগ

৪। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১১×২=২২

(ক) "রবীন্দ্রনাথের অন্যান্য নাটকের মতো 'রাজা'ও ভাব-প্রধান নাটক—ঘটনাপ্রধান নয়। প্রধানতঃ ইহার মধ্যে যে সংঘর্ষ তাহা ঘটনাকে আশ্রয় করিয়া নহে—নায়ক-নায়িকার চিন্তাকে আশ্রয় করিয়া।" 'রাজা' নাটক সম্পর্কে এই মন্তব্য কতখানি সত্য তা বিচার কর।

(খ) "অরূপ, অসীম, অনির্বচনীয়—এর আভাস-ইঙ্গিত দেবার জন্য এবং তাঁর মহিমাকে ব্যঞ্জিত করে তোলার জন্যে গানের প্রাচুর্য 'রাজা' নাটকে।" এই মন্তব্য যথার্থ কিনা, বিচার কর।





(গ) " 'রাজা' নাটকের মধ্যে সবচেয়ে আকর্ষণীয় চরিত্র হল সুদর্শনার। ইনি মানবাত্মারই প্রতীক। ... আত্মগ্লানি, অনুতাপ, অশ্রুনিষেক ও তীব্র বিরহ-বেদনা তাই তাঁর মধ্যে দেখা যায়।" এই মন্তব্যের আলোকে সুদর্শনা চরিত্রটি বিচার কর।

৫। ঠাকুরদা চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৪

*অথবা*

"তোমাকে তেমন করে দেখবার তৃষ্ণা আমার একেবারে ঘুচে গেছে—তুমি সুন্দর নও, প্রভু, তুমি অনুপম।" বক্তা কে? বক্তা কখন এরূপ বলেছিল তা বর্ণনা কর। ৪

৬। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) ইংরাজিতে অনূদিত 'রাজা' নাটকের নাম লেখ।

(খ) 'রাজা' নাটকটি কোন্ শ্রেণীর?

(গ) বৌদ্ধজাতকের কোন্ কাহিনী অবলম্বনে রবীন্দ্রনাথ 'রাজা' নাটকটি রচনা করেছেন?

(ঘ) রাণী সুদর্শনার সখীর নাম কি?

## গ—বিভাগ

৭। 'নবান্ন' নাটকের নামকরণের তাৎপর্য আলোচনা কর। ১৫

অথবা

'নবান্ন' নাটকে ১৯৪৩-এর মন্বন্তর ও কলকাতা শহরের মধ্যবিত্ত, উচ্চবিত্ত শ্রেণীর আত্মসুখ ও ব্যক্তিস্বার্থ রক্ষার সংকীর্ণতা ও মহাজনদের ব্ল্যাক মার্কেটের কবলে পড়ে আমিনপুর গ্রামের কৃষক সমাজের চরম দুর্দশায় অনাহারে-অর্ধাহারে দিন কাটিয়েছে, দুমুঠো অন্নের জন্য ভিক্ষাবৃত্তি অবলম্বন করেছে, নিজের সন্তানকে বিক্রি করেছে, কলকাতার রাস্তায় সম্মান ইজ্জত খুইয়েছে—তা আলোচনা কর। ১৫

৮। সংক্ষেপে আলোচনা কর (যে-কোন দুটি) : ৪×২=৮

(ক) হারু দত্ত

(খ) প্রধান সমাদ্দার

(গ) রাধিকা

৯। এক কথায় উত্তর দাও : ১×৪=৪

(ক) 'নবান্ন' নাটকটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

(খ) 'নবান্ন' নাটকটি কয়টি অঙ্কে বিভক্ত?

(গ) কালীধন ধাড়া কে?

(ঘ) "জল আর জল, শুধু জল—সুমুদ্দুর উঠে এসেছে গ্রামে—রাঙার মা—রাঙা, রাঙার মা—রাঙার মা।" কার উক্তি?

★★★